

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৯৪৩/৪১৫

তারিখ : ২৯-০৮-২০২৩ খ্রি.

বিষয় : সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব চিত্ত রঞ্জন পাল-এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : বিগত ০৯-০৮-২০২৩ খ্রি. তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৮২/২তম সভার ৮২/২(২) নং আলোচ্যসূচির ০১০ নং ক্রমিকের সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলাধীন “গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়” এর সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব চিত্ত রঞ্জন পাল-এর বিরুদ্ধে সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, ঝিনাইদহ কর্তৃক আনীত অভিযোগ তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত :

জেলা প্রশাসক
ঝিনাইদহ

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৯৪৩/৪১৫(১-৭)

তারিখ : ২৯-০৮-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, ঝিনাইদহ।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, ঝিনাইদহ।
- ৪। সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি, গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়, কালিগঞ্জ, ঝিনাইদহ।
- ৫। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়, কালিগঞ্জ, ঝিনাইদহ।
- ৬। সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব চিত্ত রঞ্জন পাল, গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়, কালিগঞ্জ, ঝিনাইদহ।
- ৭। সংরক্ষণ নথি।

২৯/০৮/২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

২৯/০৮/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, ঝিনাইদহ।
www.kaliganjihenaidah.gov.bd



স্মারক নং: ০৫.৪৪.৪৪৩৩.০০০.০৭.০০৮.২১-৩৫৫

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ


বিষয় : চিত্তরঞ্জন পাল, প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত), গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়, ডাকঘর: বলরামপুর, উপজেলা: কালীগঞ্জ, জেলা: ঝিনাইদহ এর চূড়ান্ত বরখাস্তকরণের সিদ্ধান্তকে অনুমোদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলায় অবস্থিত গোপালপুর মাধ্যমিক বিদ্যালয় এর ২৫.০১.২০২১ তারিখের ম্যানেজিং কমিটির সভায় জনাব চিত্তরঞ্জন পাল, প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) কর্তৃক বিদ্যালয়ের তহবিল হতে ৭৬,৪৭৪/- (ছিয়াত্তর হাজার চারশত চুয়াত্তর) টাকা এবং নীতি বহির্ভূতভাবে সাংবাদিকদের আপ্যায়ন ও খুলনা অঞ্চলের অডিট বাবদ ১৫০০০/- (পনোরো হাজার) টাকার অংশ হিসেবে ৩,৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ) টাকা; সর্বমোট ৮০,২২৪/- (আশি হাজার দুইশত চব্বিশ) টাকা আত্মসাতের অভিযোগ প্রমাণিত হয়। গত ১৮.০৩.২০২১ তারিখের ম্যানেজিং কমিটির সভায় উক্ত টাকা বিদ্যালয়ের তহবিলে জমা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। আপত্তিকৃত অর্থ বিদ্যালয়ের তহবিলে ফেরত প্রদানের লক্ষ্যে সভাপতি কর্তৃক ২৯.০৩.২০২১ তারিখে স্বাক্ষরিত নোটিশ প্রদান করা হলেও নোটিশটি গ্রহণ না করায় গত ৩১.০৩.২০২১ তারিখে উক্ত নোটিশ লটকিয়ে জারি করা সত্ত্বেও বিদ্যালয়ের তহবিলে আপত্তিকৃত অর্থ ফেরত দেননি।

গত ০১.০৬.২০২১ তারিখের ম্যানেজিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক তাকে সাময়িক বরখাস্ত করা হয় এবং ০২.০৬.২০২১ তারিখে ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। গত ২৪.০৬.২০২১ তারিখের ম্যানেজিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক গত ২৭.০৬.২০২১ তারিখে ২য় কারণ দর্শানো নোটিশ এবং ১১.০৮.২০২১ তারিখের ম্যানেজিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক গত ১৭.০৮.২০২১ তারিখে ৩য় এবং সর্বশেষ কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। নোটিশগুলো গ্রহণ না করায় লটকিয়ে জারি করা সত্ত্বেও কোন নোটিশের কোন লিখিত জবাব প্রদান করেননি। আপত্তিকৃত অর্থ বিদ্যালয় তহবিল ফেরত না দেওয়া; ১ম, ২য় ও ৩য় কারণ দর্শানো নোটিশ গ্রহণ না করা ও লটকিয়ে জারি করা সত্ত্বেও নোটিশের কোন লিখিত জবাব না দেওয়া এবং বিভিন্ন অনিয়মের কারণে ১৬.০৯.২০২১ তারিখের ম্যানেজিং কমিটির সভায় জনাব চিত্তরঞ্জন পালকে প্রধান শিক্ষকের পদ থেকে চূড়ান্ত বরখাস্তকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। আরও উল্লেখ থাকে যে, তার বিরুদ্ধে বিদ্যালয়ের তহবিল থেকে অর্থ আত্মসাতের অভিযোগে ২০.১২.২০১৩ তারিখে অত্র শিক্ষা বোর্ডের আপিল অ্যান্ড আরবিট্রেশনে অভিযোগ হয়। পরবর্তীতে স্থানীয়ভাবে মিমাংসার মাধ্যমে ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্পে লিখিত মুচলেকায় কয়েকটি শর্ত সাপেক্ষে বিদ্যালয় তহবিলে ২,০০,০৬১/- (দুই লক্ষ ষাট একশত) টাকা ফেরত দেওয়া সাপেক্ষে স্বপদে বহাল হয়।

শিক্ষা প্রতিষ্ঠানটির স্বার্থে, শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের স্বার্থে এবং সর্বগরি শিক্ষার মান উন্নয়নের কথা বিবেচনাপূর্বক অত্র শিক্ষা বোর্ডের আপিল অ্যান্ড আরবিট্রেশনে বিষয়টি নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।


সোদিয়া জেরিন

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়
কালীগঞ্জ, ঝিনাইদহ

ফোন: ০৪৫২৩-৫৬২৬০ (অফিস)
unokaliganjihenaidah@mopa.gov.bd

অনুলিপি প্রেরণ: সদয় অবগতির জন্য-

১। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়, কালীগঞ্জ, ঝিনাইদহ।